# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ (৪৫তম বিজ্ঞান মেলা), ৮ম বিজ্ঞান অলিম্পিয়ার্ড ও ৮ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোহাম্মদ নাহিদ হাসান খান
উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

সভার তারিখ ঃ ২২-০১-২০২৪

সময় ঃ দুপুর ১২.৩০ ঘটিকা

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় গত ০৬ নভেম্বর ২০২৩ তারিখ মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা হতে প্রাপ্ত পত্র এবং নির্দেশিকা মোতাবেক আলোচনা পূর্বক আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে ৪৫তম বিজ্ঞান মেলার তারিখ ও স্থান নির্ধারণ | সভায় সভাপতি উপস্থিত সকলের সিদ্ধান্ত মোতাবেক **আগামী ৩০-৩১ জানুয়ারি-২০২৪, (দুই) দিন ব্যাপি উপজেলা পরিষদ চত্বরে** জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে ৪৫তম বিজ্ঞান মেলার তারিখ নির্ধারণ করা হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান মেলায় প্রকল্প প্রদর্শন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। মেলায় ০৩ টি গ্রুপে জুনিয়র গ্রুপ- মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান হতে, সিনিয়র গ্রুপ- উচ্চ মাধ্যমিক স্তরের এবং বিশেষ গ্রুপ- বিজ্ঞান ভিত্তিক ক্লাব হতে অংশ গ্রহন নিশ্চিত করনের বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। বর্ণিত মেলা প্রতিদিন সকাল ০৯ ঘটিকা হতে বিকেল ৪.০০ ঘটিকা পর্যন্ত উন্মুক্ত থাকবে। সকল কার্যক্রম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন সংক্রান্ত নিয়মাবলী অনুসরণ পূর্বক সম্পন্ন করতে হবে।<br>প্রতিপাদ্য বিষয় **"বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি"** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>রায়গঞ্জ, সিরাজগঞ্জ |
| ২. | ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড জুনিয়র গ্রুপ- মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান, সিনিয়র গ্রুপ- উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রাপ্ত নির্দেশিকা মোতাবেক উপজেলা পর্যায়ে ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করার লক্ষে উপ-কমিটি/মূল্যায়ন কমিটি গঠন করা হলো।<br>**গঠিত উপ-কমিটিঃ**<br>(১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, আহবায়ক<br>(২) সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, সদস্য<br>(৩) জনাব অশোক কুমার, সহকারী শিক্ষা অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, সদস্য<br>(৪) জনাব অমলেষ সাহা,প্রভাষক (প্রাণি বিদ্যা), সরকারী বেংনুঃত কলেজ, রায়গঞ্জ সিরাজগঞ্জ, সদস্য<br>(৫) জনাব আব্দুল হান্নান, সহকারী শিক্ষক (বিজ্ঞান), রায়গঞ্জ উপজেলা সদর বালিকা উচ্চ বিদ্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, সদস্য<br>(৬) জনাব মাহবুবা খাতুন, সহকারী শিক্ষক (গণিত), ভূইয়াগাতী বালিকা উচ্চ বিদ্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, সদস্য<br>(৭) জনাব সোলায়মান আলী, সহকারী শিক্ষক (বিজ্ঞান), রায়গঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, সদস্য | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>রায়গঞ্জ, সিরাজগঞ্জ |
| ৩. | ৮ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা | নির্দেশিকা মোতাবেক উপজেলা পর্যায়ে ৮ম বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন করার লক্ষে উপ-কমিটি/মূল্যায়ন কমিটি গঠন করা হলো।<br>**গঠিত উপ-কমিটিঃ**<br>(১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, আহবায়ক<br>(২) সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, সদস্য<br>(৩) উপজেলা সমাজ সেবা অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, সদস্য | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ও<br>সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ |
| ৪. | জাতীয় বিজ্ঞান প্রযুক্তি সপ্তাহ উপলক্ষে ৪৫তম বিজ্ঞান মেলার স্টল/প্রকল্প মূল্যায়ন বিচারক প্যানেল গঠন | উপজেলা পর্যায়ে বিজ্ঞান মেলার স্টল/প্রকল্প মূল্যায়ন উপ-কমিটি/মূল্যায়ন কমিটি গঠন করা হলো।<br>**গঠিত উপ-কমিটিঃ**<br>(১) উপজেলা কৃষি অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, আহবায়ক<br>(২) উপজেলা প্রকৌশলী, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, সদস্য<br>(৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ, সদস্য | উপজেলা কৃষি অফিসার<br>ও<br>সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রায়গঞ্জ, সিরাজগঞ্জ |

CamScanner

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫. | বিবিধ | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রাপ্ত নির্দেশিকা মোতাবেক উপজেলা পর্যায়ে বিজ্ঞান মেলার স্টল বরাদ্দ, ইউনিক ব্যানার, পুরস্কার ক্রয়, প্রচার-প্রচারণা এবং মেলা শেষে সংশ্লিষ্ট দপ্তরে মেলা সম্পর্কিত প্রতিবেদন দাখিল/প্রেরণ করার বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। মেলায় চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, রায়গঞ্জ নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূইয়াগাতী জোনাল অফিস, রায়গঞ্জ, সিরাজগঞ্জ এবং সার্বিক নিরাপত্তা প্রদানের জন্য অফিসার ইন-চার্জ, রায়গঞ্জ থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রায়গঞ্জ, সিরাজগঞ্জ। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২২/০১/২০২৪

(মোহাম্মদ নাহিদ হাসান খান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন কমিটি
রায়গঞ্জ, সিরাজগঞ্জ।
মোবাইল নং ঃ ০১৭৩৩-৩৩৫০৩২
e-mail : uno.raigoanj@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

স্মারক নং- ০৫.৪৩.৮৮৬১.০০০.১৬.০৪১.২৩-৬২/১(৫০) তারিখ ঃ ২২-০১-২০২৪

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৪, সিরাজগঞ্জ-৩ (রায়গঞ্জ-তাড়াশ)
০২। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা-১২০৭
০৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ
০৪। চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
০৫। উপজেলা ................................................................ অফিসার, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
০৬। অফিসার ইনচার্জ, রায়গঞ্জ থানা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
০৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ..................................................................... কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, রায়গঞ্জ
০৮। সভাপতি/সাধারণ সম্পাদক -------------------------------------- প্রেস ক্লাব/বিজ্ঞান ক্লাব, রায়গঞ্জ, সিরাজগঞ্জ
০৯। অফিস কপি

২২/০১/২০২৪

উপজেলা নির্বাহী অফিসার
রায়গঞ্জ, সিরাজগঞ্জ

CamScanner